সার্কুলার নং- বিজিএ/এডমিন/২০২৫/৯৫৪

তারিখ: ০৬ আগস্ট ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয় ঃ সিআইপি (রপ্তানী)-২০২৬ এবং ২০২৪-২০২৫ অর্থবছরের 'জাতীয় রপ্তানী ট্রফি' প্রদানের লক্ষ্যে দরখাস্ত আহবান প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিআইপি (রপ্তানী)-২০২৬ এবং ২০২৪-২০২৫ অর্থবছরের জাতীয় রপ্তানী ট্রফি প্রদানের লক্ষ্যে রপ্তানী উন্নয়ন ব্যুরো কর্তৃক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে (বিজ্ঞপ্তির কপি সংযুক্ত)। আগ্রহী বিজিএমইএ'র সম্মানিত সদস্যগণকে সিআইপি (রপ্তানি)-২০২৬ এর নির্ধারিত অনলাইন আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক **০১ আগষ্ট ২০২৫ হতে ৩১ আগষ্ট ২০২৫ তারিখ পর্যন্ত** অফিস চলাকালে শুধুমাত্র অনলাইনে আবেদন দাখিল করা যাবে এবং অনলাইন আবেদনপত্রে বর্ণিত শর্তাবলী অনুযায়ী অবশ্যই প্রয়োজনীয় তথ্যাদিসহ পূরণকৃত আবেদনপত্র দাখিল করতে হবে। অনলাইন আবেদনের লিংক রপ্তানী উন্নয়ন ব্যুরোর ওয়েবসাইটে (www.epb.gov.bd) পাওয়া যাবে।

অনলাইন পদ্ধতিতে বিলম্বে আবেদন দাখিল/গ্রহনের কোন সুযোগ থাকবেনা। বিশদ তথ্যের জন্য রপ্তানী উন্নয়ন ব্যুরোর পণ্য বিভাগে যোগাযোগ করা যেতে পারে (মোঃ শাহ্‌জালাল, পরিচালক, পণ্য বিভাগ, ফোন নং -৮৮-০২-৫৫০১৩৫৪৮, Email: dir-commodity@epb.gov.bd)।

অতএব, সিআইপি (রপ্তানী)-২০২৬ এবং ২০২৪-২০২৫ অর্থবছরের জাতীয় রপ্তানী ট্রফি প্রদানের লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে বিজিএমইএ'র আগ্রহী সদস্যবৃন্দকে অনলাইনে আবেদন দাখিল করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

ধন্যবাদান্তে,

৬/৮/২৫

**মেজর মোঃ সাইফুল ইসলাম**, পিএসসি, সিএসসিএম (অবঃ)
ভারপ্রাপ্ত সচিব

**সংযুক্তি ঃ**

ক। বিজ্ঞপ্তির কপি।
খ। বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত ছকে Enquiry Form 1 & 2 এর নমুনা।
খ। রপ্তানী উন্নয়ন ব্যুরো কর্তৃক অনলাইন আবেদনের ব্যবহার সহায়িকা।

# রপ্তানি উন্নয়ন ব্যুরো

টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা।
www.epb.gov.bd

নং-২৬.০২.০০০০.০১৪.৪৭.৪৬৫.২৫-৫২৫

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ জুলাই ২০২৫ খ্রি.

## সিআইপি (রপ্তানি)-২০২৬ নির্বাচনের জন্য দরখাস্ত (অনলাইনে) আহবান

সিআইপি (রপ্তানি)-২০২৬ নির্বাচনের লক্ষ্যে বাংলাদেশে নিবন্ধিত দেশি/বিদেশি রপ্তানিকারক ও রপ্তানিকারী প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃক শুধুমাত্র অনলাইনে দরখাস্ত আহবান করা হচ্ছে।

০২। সিআইপি (রপ্তানি) নীতিমালা-২০২৩ এর ভিত্তিতে সিআইপি (রপ্তানি) নির্বাচনের লক্ষ্যে রপ্তানিকৃত পণ্য ও সেবা খাতকে ৩৫টি খাতে বিভক্ত করা হয়েছে। সে মোতাবেক **সিআইপি (রপ্তানি)-২০২৬ এর জন্য আগ্রহী রপ্তানিকারকদের ২০২৪-২০২৫ অর্থবছরের পণ্য/সেবা খাতওয়ারী ন্যূনতম রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলারে) নিম্নরূপ:**

(ক) **পণ্য খাত:** (১) কাঁচা পাট: ৫.০০মি.; (২) পাটজাত দ্রব্য (জুট ইয়ার্ন ও টোয়াইন, জুট কার্পেট, জুট ম্যানুফেকচারার্স): ১০.০০মি.; (৩) বহুমুখী (ডাইভারসিফাইড) পাটজাত পণ্য(ফ্যাশনেবল জুতা ও ব্যাগ, জুট জিও টেক্স ইত্যাদি): ২.০০মি:মা:ড:, (৪) চামড়া (ক্রাস্ট/ফিনিশড): ১০.০০মি.; (৫) চামড়াজাত দ্রব্য (চামড়ার জুতা, অ-চামড়াজাত জুতা, ব্যাগ, ওয়ালেট, বেল্ট, জ্যাকেট ইত্যাদি): ৪.০০মি.; (৬) হিমায়িত খাদ্য, জীবিত ও বরফায়িত মাছ: ১০.০০মি.; (৭) চা: ১.০০মি.; (৮) তৈরি পোশাক (ওভেন): ৭০.০০মি.; (৯) কৃষিজ পণ্য (তামাক ব্যতীত): ১.০০মি.; (১০) এগ্রোপ্রসেসিং পণ্য (প্রসেসড জ্যাম, জেলি, আচার, মশলা, চিপস, চিড়া, মুড়ি জাতীয় পণ্য) (তামাক ব্যতীত): ১.০০মি.; (১১) সাইকেল ও বাইসাইকেল এবং মোটর সাইকেল/অটোমোবাইল পার্টস/অন্যান্য মোটর গাড়ী : ৪.০০মি.; (১২) একুমুলেটরস এন্ড ব্যাটারি: ১.০০মি.; (১৩) ফার্মাসিটিউক্যাল প্রোডাক্টস/স্বাস্থ্য ও সুরক্ষা সামগ্রী: ৫.০০মি.; (১৪) হস্তশিল্পজাত ও কারুপণ্য: ১.০০মি.; (১৫) স্পেশালাইজড টেক্সটাইল/হোম টেক্সটাইল (বাথরোব, ডোর কার্টেন, কুশন কভার, বেডশীট, বেড কভার, পিলো কভার ইত্যাদি): ৫৫.০০মি.; (১৬) তৈরি পোশাক (নীটওয়্যার): ৭০.০০মি.; (১৭) সকল ধরনের সুতা (ডেনিম ব্যতীত) ও ম্যান-মেইড ফাইবার: ৩০.০০মি.; (১৮) ডেনিম ফেব্রিক্স ও ডেনিম তৈরি পোশাক: ২০.০০মি.; (১৯) টেরিটাওয়েল: ৫.০০মি.; (২০) ফুল-ফলিয়েজ: ১.৫০মি.; (২১) সকল ধরনের ইলেকট্রিক ও ইলেকট্রনিক্স পণ্য: ৮.০০মি.; (২২) প্রিন্টিং ও প্যাকেজিং পণ্য: ৪.০০মি.; (২৩) গার্মেন্টস এক্সেসরিজ পণ্য: ৪.০০মি.; (২৪) সিরামিক পণ্য ও মেলামাইন পণ্য: ১.৫০মি.; (২৫) প্লাস্টিকজাত পণ্য: ১.০০মি.; (২৬) টেক্সটাইল ফেব্রিক্স: ১৫.০০মি.; (২৭) জাহাজ ও সমুদ্রগামী ফিশিং ট্রলার: ২০.০০মি.; (২৮) আসবাবপত্র: ৩.০০মি.; (২৯) নারী উদ্যোক্তা কর্তৃক রপ্তানিকৃত পণ্য ও সেবা: ১.০০মি.; (৩০) বিবিধ পণ্য (জুয়েলারি, হ্যাট ও ক্যাপ, টয়লেট্রিজ, খেলনা এবং অন্যান্য): ১.০০মি.; (৩১) কম্পিউটার হার্ডওয়্যার ও কম্পিউটার পেরিফেরালস্: ২.০০মি.।

(খ) **সেবা খাত:** (৩২) কনসালটেন্সি ও মেইনটেনেন্স: ৫.০০মি.; (৩৩) সফটওয়্যার ও আইসিটি এনাবল সার্ভিসেস: ১.০০মি.; (৩৪) ট্যুরিজম এন্ড হসপিটালিটি: ৫.০০মি.; (৩৫) অন্যান্য সেবা খাত (ইন্ডেনটিং, বায়িং হাউজ, ফ্রিল্যান্সিং, আউটসোর্সিং, ব্যাংকিংসহ বিদ্যমান রপ্তানি নীতি অনুযায়ী): ৫.০০মি:মা:ড:।

**পণ্য ও সেবা খাতের রপ্তানির বিপরীতে কেবলমাত্র ২০২৪-২০২৫ অর্থবছরে উপরোল্লিখিত ন্যূনতম রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) অর্জনকারী রপ্তানিকারকগণ সিআইপি (রপ্তানি)- ২০২৬ এর জন্য আবেদন করতে পারবেন।**

০৩। রপ্তানি উন্নয়ন ব্যুরো'র ওয়েবসাইট (**www.epb.gov.bd**), ব্যুরোর ঢাকাস্থ প্রধান কার্যালয়ের পণ্য বিভাগ, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী আঞ্চলিক অফিস এবং কুমিল্লা, সিলেট ও নারায়ণগঞ্জ শাখা অফিস ছাড়াও ঢাকাস্থ দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি (এফবিসিসিআই), বাংলাদেশ চেম্বার অব ইন্ডাষ্ট্রিজ, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি এবং বিভাগীয় চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিসমূহ যথা-চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল, সিলেট ও রংপুর থেকে অনলাইন আবদনের লিংক সংগ্রহ করা যাবে। এছাড়া আবেদনের লিংক রপ্তানি সংশ্লিষ্ট ট্রেড এসোসিয়েশন থেকেও সংগ্রহ করা যাবে। ইজেড ও ইপিজেডভুক্ত শিল্প প্রতিষ্ঠানসমূহ, বর্ণিত চেম্বার ও ট্রেড এসোসিয়েশনসমূহ, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) এবং বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) কার্যালয় হতে দরখাস্তের লিংক সংগ্রহ করতে পারবেন। অনলাইনে আবেদনের লিংক: http://services.mincom.gov.bd/portal/home

**আগামী ০১ আগস্ট হতে ৩১ আগস্ট ২০২৫ তারিখ পর্যন্ত অফিস চলাকালে শুধুমাত্র অনলাইনে আবেদন দাখিল করা যাবে।**

০৪। আবেদনের সাথে যেসব ডকুমেন্ট সংযুক্ত করে দাখিল করতে হবে: (ক) ২০২৪-২০২৫ অর্থবছরের আয়কর পরিশোধের স্বপক্ষে সংশ্লিষ্ট আয়কর অফিস হতে সনদ; ও (খ) মূল্য সংযোজন কর (VAT) পরিশোধ সংক্রান্ত সনদ; (গ) ঋণ খেলাপী নয় ও অর্থ পাচার মামলায় জড়িত নয় মর্মে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে ঘোষণাপত্র; (ঘ) পরিবেশ অধিদপ্তরের হালনাগাদ সনদের কপি (নিবন্ধিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য); (ঙ) প্রতিষ্ঠানের লেটারহেড প্যাডে প্রতিষ্ঠানের নাম, রপ্তানিকৃত পণ্যের নাম ও এফওবি মূল্যে প্রত্যাবাসিত মূল্য(মিলিয়ন মা. ডলারে); (চ) প্রসিড রিয়ালাইজেশন সার্টিফিকেট (PRC) এর মূল ফর্দ; (ছ) প্রচ্ছন্ন ও আংশিক প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রতিষ্ঠানকে এক পাতার মূল পিআরসি এর সাথে বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত ছক অনুযায়ী ই-পিআরসি সংযুক্ত করতে হবে। দাখিলকৃত সকল ডকুমেন্ট অবশ্যই হালনাগাদ হতে হবে।

০৫। সিআইপি'র জন্য একই মালিকানাধীন গ্রুপভুক্ত প্রতিষ্ঠানসমূহ একই ক্যাটাগরি/খাতভূক্ত পণ্য বা সেবা রপ্তানি করলে গ্রুপের নাম, প্রতিটি ইউনিটের রপ্তানি নাম, আয়, পণ্যের বিবরণ ও যাচিত অন্যান্য তথ্যাদি উল্লেখপূর্বক Certificate of Incorporation-সহ গ্রুপের পক্ষে ঐ সকল প্রতিষ্ঠানের পক্ষে কেবলমাত্র একজন আবেদন করতে পারবেন।

০৬। কোন প্রতিষ্ঠান একাধিক পণ্য ও সেবা রপ্তানি করলে উক্ত প্রতিষ্ঠান কর্তৃক পণ্য ও সেবা-ওয়ারি (hs code) পৃথক পৃথক আবেদন দাখিল করতে হবে। অর্থাৎ এক খাতের পণ্য উৎপাদক ও রপ্তানিকারক কর্তৃক অন্য কোন খাতের রপ্তানি আয় আবেদনে একত্রে প্রদর্শন করা হলে আবেদন বাতিলযোগ্য হবে।

০৭। রপ্তানিকারক প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ব্যাংকের লেটার হেড প্যাডে রপ্তানিকারক প্রতিষ্ঠানের নাম, পণ্যের নাম, এফওবি মূল্যে অর্থবছরের মোট প্রত্যাবাসিত রপ্তানি আয় মিলিয়ন মার্কিন ডলারে উল্লেখপূর্বক ২০২৪-২০২৫ অর্থবছরের প্রসিড রিয়ালাইজেশন সার্টিফিকেট (পিআরসি) এর মূল ফর্দ আবেদনের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে। তবে প্রচ্ছন্ন ও আংশিক প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রতিষ্ঠানকে এক পাতার মূল পিআরসি'র সাথে বাংলাদেশ ব্যাংক এর নির্ধারিত ছক অনুযায়ী ই-পিআরসি সংযুক্ত করতে হবে। দাখিলকৃত পিআরসি বাংলাদেশ ব্যাংকের অনলাইন এক্সপোর্ট মনিটরিং সিস্টেমের তথ্যভান্ডারের সাথে যাচাই করা হবে। True Single Source হিসেবে বাংলাদেশ ব্যাংকের অনলাইন এক্সপোর্ট মনিটরিং সিস্টেমের তথ্যভান্ডারে রক্ষিত প্রতিষ্ঠানের রপ্তানি আয়কে চূড়ান্ত ও সঠিক হিসেবে বিবেচনা করা হবে। ভুল/অসত্য তথ্য কোনভাবেই গ্রহণযোগ্য নয়। অসম্পূর্ণ বা ভুল আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৮। সিআইপি (রপ্তানি)-২০২৬ এর অনলাইন আবেদনপত্রে বর্ণিত শর্তাবলী অনুযায়ী অবশ্যই প্রয়োজনীয় তথ্যাদিসহ পূরণকৃত আবেদনপত্র দাখিল করতে হবে।

০৯। সিআইপি (রপ্তানি)-২০২৬ এর নির্ধারিত অনলাইন আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক আগামী ৩১ আগস্ট ২০২৫খ্রি. তারিখ অফিস সময়ের মধ্যে দাখিল করতে হবে। **অনলাইন পদ্ধতিতে বিলম্বে আবেদন দাখিল/গ্রহণের কোন সুযোগ থাকবে না**। বিস্তারিত তথ্যের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো'র পণ্য বিভাগ-এ যোগাযোগ করা যেতে পারে।

মোঃ শাহ্জালাল
পরিচালক
পণ্য বিভাগ
ফোন : ৮৮-০২-৫৫০১৩৫৪৪, E-mail: dir-commodity@epb.gov.bd

# Export Promotion Bureau

TCB Building
1, Kawran Bazar, Dhaka
www.epb.gov.bd


Date: July 28, 2025

Memo No: 26.02.0000.014.47.465.25-526

## Notice inviting Applications for CIP (Export)-2026 (Online)

Export Promotion Bureau invites applications (online) from exporters/exporting companies registered in Bangladesh (both domestic and foreign) for selection of **CIP (Export)-2026**.

02. **CIPs (Export)** will be selected in accordance with the provision of **CIP (Export) Policy-2023** and the conditions laid down therein against export of specific product/service(s). For selection of CIPs (Export) all products and services are categorized into 35 sectors.

### Sector/Product-wise required minimum export earnings (in Million USD$) against products/services during FY 2024-2025:

**a) Goods/Products Sectors:**

(1) Raw jute: $5.00Mn.; (2) Jute Products (Jute Yarn & Twine, Jute Carpet, Jute Manufacturers): $10.00Mn.; (3) Diversified Jute Products (fashionable shoes and bags, jute geo-tex etc: $ 2.00Mn., (4) Leather (crust/finished): $ 10.00Mn.; (5) Leather Goods (leather shoes, non-leather shoes, bags, wallets, belts, jackets etc.): $ 4.00 Mn.; (6) Frozen Food, Live and Chilled Fish: $10.00 Mn.; (7) Tea: $ 1.00Mn.; (8) Readymade Garment (Oven):$ 70.00Mn.; (9) Agricultural Products (excluding tobacco):$1.00Mn.; (10) Agro-Processing Products (processed jams, jellies, pickles, spices, chips, flattened rice and puffed rice) (excluding tobacco): $ 1.00Mn.; (11) Cycles & Bicycles, Motor Cycles/Automobile Parts/Other Motor Vehicles:$ 4.00Mn.; (12) Accumulators & Batteries:$ 1.00Mn.; (13) Pharmaceutical Products/Health & Safety Products:$ 5.00Mn.; (14) Handicrafts & Craft items:$ 1.00Mn.; (15) Specialized Textiles /Home Textiles (Bath Robes, Door Curtains, Cushion Covers, Bed Sheets, Bed Covers, Pillow Covers etc : $ 55.00Mn.; (16) Readymade Garment (Knitwear):$ 70.00Mn.; (17) All types of yarn (except denim) and man-made fiber: $ 30.00Mn.; (18) Denim fabrics and garments made of denim: $ 20.00Mn.; (19) Terry Towel : $ 5.00Mn.; (20) Flowers & Foliage :$ 1.50Mn.; (21) All types of Electric & Electronics: $ 8.00Mn.; (22) Printing and Packaging :$ 4.00Mn.; (23) Garment Accessories: $4.00 Mn.; (24) Ceramic and Melamine:$ 1.50Mn.; (25) Plastic products: $ 1.00Mn.; (26) Textile Fabrics :$ 15.00Mn.; (27) Ships and Ocean-going Fishing Trawlers:$ 20.00Mn.; (28) Furniture :$ 3.00Mn.; (29) Goods & Services exported by Women Entrepreneurs:$ 1.00Mn.; (30) Miscellaneous Products (Jewelry, Hats & Caps, Toiletries, Toys & Others): $ 1.00Mn.; (31) Computer Hardware & Computer Peripherals: $ 2.00Mn.

**b) Services Sector:**

(32) Consultancy and Maintenance: $ 5.00 Mn.; (33) Software & ICT Enabled Services: $ 1.00 Mn.; (34) Tourism & Hospitality: $ 5.00 Mn.; (35) Other services sector (indenting, buying house, freelancing, outsourcing, banking as per existing export policy): $ 5.00Mn.

Any exporting company/entity, having minimum export earnings(in Mn.US $) as mentioned above against each category of product or service in FY 2024-25, will be eligible for submitting application for CIP (Export)-2026.

03. The Online link is available at Export Promotion Bureau's Website (**www.epb.gov.bd**). Commodities Division of the Export Promotion Bureau in Dhaka, Regional Offices at Chattogram, Khulna, Rajshahi and Branch Offices at Cumilla, Sylhet and Narayanganj as well as offices of FBCCI, BCI, MCCI, DCCI and Divisional Chambers of Commerce located in Chattogram, Khulna, Rajshahi, Barishal, Sylhet and Rangpur. The application link may also be obtained from Export-related Trade Associations of Bangladesh. Exporters under all Export Processing Zones may apply for the Trophies and the **link** in this regard will be available at BEPZA & BEZA, Dhaka. Interested exporting companies/organizations are requested to apply using the following link:

**Online Application Link: http://services.mincom.gov.bd/portal/home**

**Online Application Form must be submitted from 1st August, 2025 to 31st August, 2025 during office hours.**

04. The following up-to-date (FY2024-2025) certificates/documents must be attached with application: (a) Certificates against payment of Income Tax and Value Added Tax (VAT), (b) Declaration in company's letter head pad confirming that it is not involved/default in loan and money laundering case(s); (c) Main copy of Proceed Realization Certificate(PRC); (d) Up-to-date Certificate from the Department of Environment (applicable for the registered companies); (e) Name of the company/organization and realised amount in Million USD are to be clearly mentioned on the letter head pad of the applicant; (f) One paged EPRC alongwith Original Copy of PRC to be submitted by the Deemed/Partially Deemed exporting companies.

05. The companies belonging to a group under the same ownership and export the same category of goods or services, one authorized person can apply on behalf of the group along with the Certificate of Incorporation stating the export income of each unit of the group stating the product details.

06. A business entity/organization exporting more than one category of product or service, has to submit application separately. That is, the applicant cannot show export earning of one sector to other sector or together in the same sector. False/Erroneous information is not acceptable in any case. Applications with such information will be treated as invalid.

07. The PRC submitted will be verified with the database of Bangladesh Bank's Online Export Monitoring System (OEMS). As a True Single Source, the export income of the applicant found in OEMS, will be considered as authentic and final.

08. Application for CIP (Export)-2026 must be submitted in compliance with the terms & conditions as laid down in the prescribed online Application Form by 5pm on 31st August, 2025.

09. As the Online system is in operation, there will be no provision for submitting/receiving hard copies of applications. Duly filled in Application for National Export Trophy for FY 2024-2025 must be submitted between 1st and 31st August, 2025. For more information, please contact the undersigned during office hours.


Mohammed Shahjalal
**Director**
Commodities Division
Phone: 88-02-55013544, E-mail: dir-commodity@epb.gov.bd

# রপ্তানি উন্নয়ন ব্যুরো

টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা

www.epb.gov.bd

নং-২৬.০২.০০০০.০১৪.৪৭.৪৬৫.২৫-৫২৭

তারিখ: ১৩ শ্রাবণ, ১৪৩২বঙ্গাব্দ
২৮ জুলাই, ২০২৫ খ্রি.

**জাতীয় রপ্তানি ট্রফি ২০২৪-২০২৫ প্রাপক নির্বাচনের জন্য আবেদনের (শুধুমাত্র অনলাইনে) নোটিস**

১। ২০২৪-২০২৫ অর্থবছরের 'জাতীয় রপ্তানি ট্রফি' প্রাপক নির্বাচনের লক্ষ্যে বাংলাদেশে নিবন্ধিত দেশি/বিদেশি রপ্তানিকারক প্রতিষ্ঠানের নিকট হতে শুধুমাত্র অনলাইনে রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃক দরখাস্ত আহবান করা হচ্ছে।

২। জাতীয় রপ্তানি ট্রফি নীতিমালা-২০২২ অনুসারে পণ্য ও সেবা খাতসমূহ ৩৬টি ক্যাটেগরি/খাত এ বিভক্ত।
**জাতীয় রপ্তানি ট্রফি ২০২৪-২০২৫ এর জন্য আবেদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে উক্ত অর্থবছরে প্রয়োজনীয় পণ্য ও সেবা খাতওয়ারী নূন্যতম রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলারে) নিম্নরূপ:**
(১) তৈরি পোশাক(ওভেন): ৭০.০০মি.; (২) তৈরি পোশাক(নিটওয়্যার): ৭০.০০মি.; (৩) সকল ধরণের সুতা (ডেনিম ব্যতীত): ৩০.০০ মি.; (৪) টেক্সটাইল ফেব্রিক্স: ১৫.০০মি.; (৫) ডেনিম ফেব্রিক্স ও ডেনিম তৈরি পোশাক: ২০.০০মি.; (৬) হোম ও স্পেশালাইজড টেক্সটাইল: ৫৫.০০ মি.; (৭) টেরিটাওয়েল: ৫.০০মি.; (৮) হিমায়িত খাদ্য: ১০.০০মি.; (৯) কাঁচাপাট: ৫.০০মি.; (১০) পাটজাত দ্রব্য: ১০.০০মি.; (১১) চামড়া (ক্রাস্ট/ফিনিশড): ১০.০০মি.; (১২) চামড়াজাত পণ্য: ২.০০মি.; (১৩) ফুটওয়্যার (সকল): ৪.০০মি.; (১৪) চা: ১.০০মি.; (১৫) কৃষিজ পণ্য (তামাক ব্যতীত): ১.০০মি.; (১৬) এগ্রোপ্রসেসিং পণ্য (তামাকজাত পণ্য ব্যতীত): ২.০০মি.; (১৭) ফুল-ফলিয়েজ: ১.৫০মি.; (১৮) হস্তশিল্পজাত পণ্য: ০.৫০মি.; (১৯) প্লাস্টিক পণ্য: ৩.০০মি.; (২০) মেলামাইন ও সিরামিক পণ্য ৪.০০মি.; (২১) লাইট ইঞ্জিনিয়ারিং: ৫.০০ মি.; (২২) ইলেকট্রিক ও ইলেকট্রনিক্স পণ্য: ৮.০০মি.; (২৩) জাহাজ: ২০.০০মি.; (২৪) অন্যান্য শিল্পজাত পণ্য: ৩.০০মি.; (২৫) ফার্মাসিউটিক্যাল পণ্য: ৫.০০মি.; (২৬) কম্পিউটার সামগ্রী ৫.০০মি.; (২৭) কম্পিউটার সার্ভিসেস: ২.০০মি.; (২৮) ইপিজেড ও ইজেডভুক্ত তৈরি পোশাক শিল্প (নীট ও ওভেন): ৫৫.০০মি.; (২৯) ইপিজেড ও ইজেডভুক্ত অন্যান্য পণ্য ও সেবা খাত: ১০.০০মি.; (৩০) প্রিন্টিং ও প্যাকেজিং পণ্য: ৮.০০মি.; (৩১) গার্মেন্টস এক্সেসরিজ পণ্য: ৮.০০মি.; (৩২) অন্যান্য প্রাথমিক পণ্য: ১.০০মি.; (৩৩) অন্যান্য সেবা খাত: ৫.০০মি. (৩৪) নারী উদ্যোক্তা/রপ্তানিকারক কর্তৃক রপ্তানিকৃত পণ্য ও সেবা: ১.০০মি.; (৩৫) আসবাবপত্র: ৩.০০মি.; (৩৬) ট্যুরিজম এন্ড হস্পিটালিটি: ৫.০০ মি.।
**পণ্য ও সেবা খাতে রপ্তানির বিপরীতে কেবলমাত্র ২০২৪-২০২৫ অর্থবছরে উপরোল্লিখিত ন্যূনতম রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) অর্জনকারী রপ্তানিকারক প্রতিষ্ঠান জাতীয় রপ্তানি ট্রফির জন্য আবেদন করতে পারবে।**

৩। রপ্তানি উন্নয়ন ব্যুরোর ওয়েবসাইট (www.epb.gov.bd), ব্যুরোর ঢাকাস্থ প্রধান কার্যালয়ের পণ্য বিভাগ, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী আঞ্চলিক অফিস এবং কুমিল্লা, সিলেট ও নারায়ণগঞ্জ শাখা অফিস ছাড়াও ঢাকাস্থ দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি (এফবিসিসিআই), বাংলাদেশ চেম্বার অব ইন্ডাষ্ট্রিজ, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি এবং বিভাগীয় চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিসমূহ যথা-চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল, সিলেট ও রংপুর থেকে দরখাস্তের নির্ধারিত অনলাইন লিঙ্ক সংগ্রহ করা যাবে। রপ্তানি সংশ্লিষ্ট ট্রেড এসোসিয়েশন এবং ইজেড/ইপিজেডভুক্ত শিল্প প্রতিষ্ঠানসমূহ ইপিবি অফিস, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) এবং বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) কার্যালয় হতেও দরখাস্তের লিঙ্ক সংগ্রহ করা যাবে। অনলাইনে আবেদনের লিংক:

http://services.mincom.gov.bd/portal/home

আগামী ১ আগস্ট হতে ৩১ আগস্ট ২০২৫ তারিখ অফিস চলাকালে শুধুমাত্র অনলাইনে আবেদন দাখিল করা যাবে।

৪। আবেদনের সাথে যেসব ডকুমেন্ট সংযুক্ত করে দাখিল করতে হবে: (ক) ২০২৪-২০২৫ অর্থবছরের আয়কর পরিশোধের স্বপক্ষে সংশ্লিষ্ট আয়কর অফিস হতে সনদ; ও (খ) মূল্য সংযোজন কর (VAT) পরিশোধ সংক্রান্ত সনদ; (গ) ঋণ খেলাপী নয় ও অর্থ পাচার মামলায় জড়িত নয় মর্মে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে ঘোষণাপত্র; (ঘ) পরিবেশ অধিদপ্তরের হালনাগাদ সনদের কপি (নিবন্ধিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য); (ঙ) প্রতিষ্ঠানের লেটারহেড প্যাডে প্রতিষ্ঠানের নাম, রপ্তানিকৃত পণ্যের নাম ও এফওবি মূল্যে প্রত্যাবাসিত মূল্য(মিলিয়ন মা. ডলারে); (চ) প্রসিড রিয়ালাইজেশন সার্টিফিকেট (পিআরসি) এর মূল ফর্দ; (ছ) প্রচ্ছন্ন ও আংশিক প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রতিষ্ঠানকে এক পাতার মূল পিআরসি এর সাথে বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত নতুন ছক অনুযায়ী ই-পিআরসি সংযুক্ত করতে হবে; (জ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর হতে কারখানার কমপ্লায়্যান্স সনদ। দাখিলকৃত সকল ডকুমেন্ট অবশ্যই হালমেয়াদী হতে হবে।

৫। আবেদনকারী প্রতিষ্ঠান একাধিক পণ্য ও সেবা রপ্তানি করলে সেক্ষেত্রে পণ্য ও সেবা খাত ওয়ারী (hs code) পৃথক আবেদন দাখিল করতে হবে। অর্থাৎ এক খাতের রপ্তানিকারক কর্তৃক অন্য কোন খাতের সাথে একত্রে রপ্তানি আয় প্রদর্শন করা হলে আবেদন বাতিলযোগ্য হবে।

৬। দাখিলকৃত পিআরসি বাংলাদেশ ব্যাংকের অনলাইন এক্সপোর্ট মনিটরিং সিস্টেমের(OEMS) তথ্যভান্ডারের সাথে যাচাই করা হবে। True Single Source হিসেবে বাংলাদেশ ব্যাংকের OEMS তথ্য ভান্ডারে রক্ষিত প্রতিষ্ঠানের রপ্তানি আয়কে চূড়ান্ত ও সঠিক হিসেবে বিবেচনা করা হবে।

৭। ২০২৪-২০২৫ অর্থবছরের জাতীয় রপ্তানি ট্রফির জন্য অনলাইনে আবেদন উপরে বর্ণিত শর্তাবলী পরিপালনপূর্বক আগামী ৩১ আগস্ট ২০২৫খ্রি. তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে দাখিল করতে হবে। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৮। অনলাইন পদ্ধতিতে **বিলম্বে আবেদন দাখিল/গ্রহণের কোন সুযোগ থাকবে না।** বিস্তারিত তথ্যের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো'র পণ্য বিভাগ-এ যোগাযোগ করা যেতে পারে।

মোঃ শাহ্‌জালাল
পরিচালক
পণ্য বিভাগ
ফোন নং-৮৮-০২-৫৫০১৩৫৪৪
E-mail: dir-commodity@epb.gov.bd

# Export Promotion Bureau

TCB Building
1, Kawran Bazar, Dhaka
www.epb.gov.bd

Memo No: 26.02.0000.014.47.465.25-528

Date: July 28, 2025

## Notice Inviting Applications (Online) for the Selection of Awardees for National Export Trophy 2024-2025

Export Promotion Bureau invites applications (online) from exporting companies (local & foreign) registered in Bangladesh for the selection of awardees of **National Export Trophy** for financial year 2024-2025.

02. **According to the National Export Trophy Policy-2022, the product and service sectors are divided into 36 categories/sectors.** The following are the minimum required export earnings (in million USD) against the sectors of relevant goods/services during the financial year 2024-2025 for the application of National Export Trophy 2024-2025:
(1) Readymade Garments (Woven):$ 70.00Mn; (2) Readymade garments (Knitwear):$ 70.00Mn; (3) All types of yarn (other than denim):$ 30.00M.; (4) Textile Fabrics: $ 15.00Mn; (5) Denim fabrics and garments made of denim:$ 20.00Mn; (6) Home and Specialized Textiles:$55.00Mn; (7)Terry Towel:$5.00Mn; (8)Frozen food:$10.00Mn; (9)Raw jute:$ 5.00Mn; (10) Jute products: $ 10.00Mn; (11) Leather (crust/finished): $ 10.00Mn; (12) Leather products: $ 2.00Mn; (13) Footwear (all): $ 4.00Mn; (14) Tea: $ 1.00Mn; (15) Agricultural products (excluding tobacco):$ 1.00Mn; (16) Agro processing products (other than tobacco products):$ 2.00Mn; (17) Flower & Foliage: $ 1.50Mn; (18) Handicrafts: $ 0.50Mn; (19) Plastic products: $ 3.00Mn; (20) Melamine and ceramic products: $ 4.00Mn; (21) Light Engineering: $ 5.00Mn; (22) Electric and Electronics Products: 8.00Mn: (23) Ship: 20.00Mn; (24) Other Industrial products: 3.00Mn; (25) Pharmaceutical products: $ 5.00Mn; (26) Computer materials: $ 5.00Mn; (27) Computer Services:$ 2.00Mn; (28) Readymade Garment Industry located at EPZ & EZ (Knit & Woven):$ 55.00Mn; (29) Other goods & services sector located at EPZ & EZ:$ 10.00Mn; (30) Printing and Packaging: $ 8.00Mn; (31) Garment accessories products: $ 8.00Mn; (32) Other primary products:$ 1.00Mn.; (33) Other Service Sector(s): $ 5.00Mn., (34) Exported Goods & Services by Women Entrepreneurs/Exporters:$ 1.00Mn; (35) Furniture: $ 3.00Mn; (36) Tourism & Hospitality: $ 5.00Mn.
**Any exporting company/entity having export earnings as mentioned above, will be eligible to apply for National Export Trophy for 2024-2025.**

03. The notice/information is available at the website of Export Promotion Bureau (EPB), that is, **www.epb.gov.bd.** Informatin may also be available at Commodities Division of Export Promotion Bureau, Dhaka, Regional Offices at Chattogram, Khulna, Rajshahi and Branch Offices at Cumilla, Sylhet and Narayanganj as well as offices of The Federation of Bangladesh Chambers of Commerce and Industry (FBCCI), Bangladesh Chamber of Industries, Metropolitan Chamber of Commerce and Industry(MCCI), Dhaka Chamber of Commerce and Industry(DCCI) and Divisional Chamber of Commerce & Industry like Chattogram, Khulna, Rajshahi, Barishal, Sylhet and Rangpur. The application link may also be obtained from Export-related Trade Associations of Bangladesh. Exporters under all Export Processing Zones may apply for the Trophies and the *link* in this regard will be available at BEPZA & BEZA, Dhaka. Interested exporting companies/organizations are requested to apply using the following link:
**Online Application Link:** http://services.mincom.gov.bd/portal/home
Application in hard form shall not be received/considered. **The deadline is from 1st August, 2025 to 31st August, 2025.**

04. **The following up-to-date (FY2024-2025 certificates/documents must be attached with application:**
a) Certificates against payment of Income Tax, and Value Added Tax (VAT), (b) Declaration in company's letter head pad confirming that it is not involved/default in loan and money laundering case(s); (c) Main copy of Proceed Realization Certificate(PRC); (d) Up-to-date Certificate from the Department of Environment (applicable for the registered companies); (e) Name of the company/organization and realised amount in Million USD are to be clearly mentioned on the letter head pad of the applicant; (f) One paged EPRC alongwith Original Copy of PRC to be submitted by the Deemed/Partially Deemed exporting companies; and (g) Compliance Certificate issued by the Department of Inspection for Factories and Establishments.

05. A business entity exporting more than one product or service, has to submit application separately according to the category (HS Code) of product/service. That is, the applicant cannot show exporting earning of one sector to other sector or together in the same sector. Such applications will be treated as invalid.

06. The information and data will be verified with the data as provided by the Online Export Monitoring System (OEMS) of Bangladesh Bank. As a True Single Source the data showing in OEMS will be considered authentic and final.

07. Application for National Export Trophy for 2024-2025 must be submitted in compliance with the above terms and conditions and as laid down in the prescribed Application Form by 5pm on 31st August, 2025.

08. As the Online system is in operation, there will be no provision for submitting/receiving hard copies of applications. Duly filled in Application for National Export Trophy for FY 2024-2025 must be submitted between 1st and 31st August, 2025. For more information, please contact the undersigned during office hours.


Mohammed Shahjalal
Director
Commodities Division
Phone: 88-02-55013544
E-mail: dir-commodity@epb.gov.bd

<u>Enquiry Form-1</u>

**(For Individual)**

<u>Individual data</u>

| 1. Title | **Name*** |
|---|---|
| | |
| 2. Father's title | **Father's Name*** |
| | |
| 3. Mother's title | **Mother's Name*** |
| | |
| 4. Spouse 's title | Spouse's Name |
| | |
| **5. National ID number*** | 6. TIN |
| | |
| **7. Date of birth(dd/mm/yyyy)*** | **8. Gender*** |
| | |
| **9. District of birth*** | **10. Country of birth*** |
| | |

**<u>Main (Permanent) address:</u>**

12. Street no./Street name/Village/PS/Upazilla*

| District* | Postal Code | Country* |
|---|---|---|
| | | |

<u>Additional (Present) address:</u>

13. Street no./Street name/Village/PS/Upazilla

| District | Postal Code | Country |
|---|---|---|
| | | |

<u>Identification document data</u>**

| 14. ID type (Passport/Driving License/Commissioner Certificate) | ID number |
|---|---|
| | |
| ID issue date(dd/mm/yyyy): | ID issue country: |
| | |

15. Telephone number

* Indicates mandatory information to be provided.

** শুধুমাত্র এনআইডি না থাকলে ইস্যুকারী দেশ এবং ইস্যু তারিখসহ পাসপোর্ট নম্বর উল্লেখ করা যাবে।

Enquiry Form-2

**(For Proprietorship/Partnership/Limited or any other Company)**

Company data

| 1. Title | **Trade Name*** |
|---|---|
| | |
| 2. **Legal form*,**** | 3. TIN |
| | |

**Company's main(Permanent) address :**

4. Street no./Street name/Village/PS/Upazilla*

| |
|---|
| |

| District* | Postal Code | Country* |
|---|---|---|
| | | |

Additional(Business) address:

5. Street no./Street name/Village/PS/Upazilla

| |
|---|
| |

| District | Postal Code | Country |
|---|---|---|
| | | |

6. Telephone number

| |
|---|
| |

* Indicates mandatory information to be provided.

** Indicates form of a company like Proprietorship, Partnership, Public Limited, Private Limited, Corporation etc.

বাণিজ্য মন্ত্রণালয়

# ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম

## সার্ভিসঃ সিআইপি নির্বাচন ও ঘোষণা প্রদান

# <u>ব্যবহার সহায়িকা</u>


বিষয়বস্তুঃ

১. প্রবেশের প্রক্রিয়া ........ 2
১.১ সেবার বিবরণ ........ 3
১.২ বিজ্ঞপ্তি তালিকা ........ 4
১.৩ লগইন ........ 5
১.৪ নিবন্ধন করুন ........ 6
১.৫ আবেদন ফর্ম ........ 7
১.৫.১ ব্যাক্তিগত তথ্য ........ 7
১.৫.২ ঠিকানা ........ 9
১.৫.৩ প্রতিষ্ঠানের তথ্য ........ 10
১.৫.৪ গ্রুপ ভিত্তিক তথ্য ........ 11
১.৫.৫ ব্যাংকের তথ্য ........ 12
১.৫.৬ পণ্য এবং সাফল্য বিবরণ ........ 13
১.৫.৭ সম্মতি তথ্য ........ 14
১.৫.৮ সংযুক্তি ........ 15

সফটওয়্যারে প্রবেশ (প্রবেশ করুন):

১. প্রবেশের প্রক্রিয়া


- সফটওয়্যার এ প্রবেশ করার জন্য প্রথমে ব্রাউজারের এড্রেস বারে "services.mincom.gov.bd" লিখে "Enter" বাটনে ক্লিক করুন। নিম্নের চিত্রের মত একটি পোর্টাল আসবে।
- আবেদনকারী যদি সরাসরি সেবাটি পেতে চায় তাহলে পোর্টাল থেকে সিআইপি নির্বাচন ও ঘোষণা প্রদান এই সেবাটিতে ক্লিক করবেন।




চিত্রঃ পোর্টাল

## ১.১ সেবার বিবরণ


- আবেদনকারী সেবার বিবরণ পেইজটি তে আবেদন সম্পর্কিত সকল তথ্য দেখতে পারবেন যেমন সেবা প্রাপ্তির সময়, প্রয়োজনীয় কাগজপত্র ইত্যাদি।
- আবেদনকারী "নীতিমালা ডাউনলোড করুন" বাটনে ক্লিক করে নীতিমালা ডাউনলোড করে দেখতে পারবেন। এরপর "সেবা প্রাপ্তির আবেদন" বাটনে ক্লিক করলে সিআইপির বিজ্ঞপ্তিসমূহ দেখতে পারবেন।




চিত্রঃ সেবার বর্ণনা

## ১.২ বিজ্ঞপ্তি তালিকা


- আবেদনকারী এই অংশে প্রকাশিত বিজ্ঞপ্তিসমূহ দেখতে পারবেন। বিজ্ঞপ্তিসমূহ থেকে "সিআইপি আবেদন" বাটনে ক্লিক করলে লগইন পেইজ টি দৃশ্যমান হবে।




চিত্রঃ বিজ্ঞপ্তিসমূহ

## ১.৩ লগইন


- যদি পূর্বে ব্যবহারকারী নিবন্ধন সম্পন্ন করে থাকেন তাহলে ব্যবহারকারীর “নাম/ইমেইল/ মোবাইল” ও পাসওয়ার্ড দিয়ে “লগইন” বাটনে ক্লিক করে সফটওয়্যারে প্রবেশ করতে পারবেন।




চিত্রঃ লগইন

## ১.৪ নিবন্ধন করুন

- ব্যবহারকারী নিবন্ধিত না হলে "নিবন্ধন করুন" বাটনে ক্লিক করে নিবন্ধন সম্পন্ন করতে হবে।
- নিবন্ধন ফর্মে প্রয়োজনীয় তথ্য নাম, মোবাইল নম্বর, ইমেইল এবং পাসওয়ার্ড দিয়ে নিবন্ধন সম্পন্ন করতে হবে। এ ক্ষেত্রে তার দেয়া ইমেইল/মোবাইল নম্বরটি পরবর্তীতে ইউজার আইডি হিসেবে গণ্য হবে।





চিত্র : নিবন্ধন করুন

## ১.৫ আবেদন ফর্ম

### ১.৫.১ ব্যাক্তিগত তথ্য


- আবেদন ফর্মের প্রথম ট্যাবেই রয়েছে ব্যাক্তিগত তথ্য। প্রথমে আবেদনকারী বা প্রার্থীর ছবি আপলোড করতে হবে, রপ্তানি পণ্য খাত নির্বাচন করতে হবে এবং প্রচ্ছন্ন রপ্তানিকারক কি না? তা নির্বাচন করতে হবে। এরপর পর্যায়ক্রমে সংস্থার তথ্য, ট্যাক্সের তথ্য, ঠিকানা সংক্রান্ত তথ্য ও যোগাযোগকারী বক্তির তথ্য পূরণ করতে হবে। লাল তারকা চিহ্নিত তথ্যগুলো আপনাকে অবশ্যই পূরণ করতে হবে। "ব্যাক্তিগত তথ্য" ট্যাবের সকল তথ্য পূরণ করা শেষে "খসড়া সংরক্ষণ করুন বাটনে ক্লিক করে আপনার প্রদানকৃত তথ্যাবলি সংরক্ষণ করে রাখতে পারবেন। আর যদি পরবর্তী ধাপে যেতে চান তাহলে "খসড়া এবং পরবর্তী" বাটনে ক্লিক করুন।




চিত্র : ব্যাক্তিগত তথ্য।

### ১.৫.২ ঠিকানা


- পরবর্তী ধাপে রয়েছে ঠিকানা। এখানে ঠিকানা অংশে সকল প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে। এরপর পরবর্তী ধাপে যেতে "খসড়া এবং পরবর্তী"বাটনে ক্লিক করুন।




চিত্রঃ ঠিকানা

### ১.৫.৩ প্রতিষ্ঠানের তথ্য


- তৃতীয় ধাপে রয়েছে প্রতিষ্ঠানের তথ্য। এখানে প্রতিষ্ঠানের মালিকের সকল তথ্য পর্যায়ক্রমে প্রদান করতে হবে। পরবর্তী ধাপে যেতে “খসড়া এবং পরবর্তী”বাটনে ক্লিক করুন। পূর্ববর্তী ধাপের তথ্য পরিবর্তন করতে চাইলে “পূর্ববর্তী ট্যাব” বাটনে ক্লিক করে আগের ধাপে যেতে পারবেন।




চিত্রঃ প্রতিষ্ঠানের তথ্য

### ১.৫.৪ গ্রুপ ভিত্তিক তথ্য


- চতুর্থ ধাপে রয়েছে গ্রুপ ভিত্তিক তথ্য এখানে গ্রুপ ভিত্তিক সকল তথ্য দিয়ে পরবর্তী ধাপে যেতে “খসড়া এবং পরবর্তী”বাটনে ক্লিক করুন।




চিত্রঃ গ্রুপ ভিত্তিক তথ্য

### ১.৫.৫ ব্যাংকের তথ্য


- পরবর্তী ধাপে রয়েছে ব্যাংকের তথ্য। এখানে ব্যাংকের তথ্য অর্থাৎ ব্যাংকের নাম, শাখার নাম, ঠিকানা ইত্যাদি প্রদান করতে হবে। একাধিক ব্যাংকের তথ্য যোগ করতে চাইলে "যুক্ত করুন বাটনে ক্লিক করে নতুন ফিল্ড যোগ করতে পারবেন। ব্যাংক যোগ করার সাথে সাথে তা নিচের তালিকায় চলে আসবে। "এডিট" বাটনে ক্লিক করে তথ্য পরিবর্তন করতে পারবেন এবং ডিলিট বাটনে ক্লিক করে ব্যাংকের তথ্য তালিকা থেকে বাদ দিতে পারবেন। পরবর্তী ধাপে যেতে "খসড়া এবং পরবর্তী"বাটনে ক্লিক করুন।




চিত্রঃ ব্যাংকের তথ্য

## ১.৫.৬ পণ্য এবং সাফল্য বিবরণ


- এরপরের ধাপে রয়েছে পণ্য এবং সাফল্য বিবরণ । এই ধাপে রপ্তানি পণ্যের তালিকা এবং সাফল্যের বিবরণ সংক্রান্ত তথ্য যোগ করতে হবে। একাধিক তথ্য যোগ করতে চাইলে "যুক্ত করুন বাটনে ক্লিক করে নতুন ফিল্ড যোগ করতে পারবেন। নতুন ফিল্ড যোগ করার সাথে সাথে তা নিচের তালিকায় চলে আসবে। "এডিট" বাটনে ক্লিক করে তথ্য পরিবর্তন করতে পারবেন এবং ডিলিট বাটনে ক্লিক করে ব্যাংকের তথ্য তালিকা থেকে বাদ দিতে পারবেন। পরবর্তী ধাপে যেতে “খসড়া এবং পরবর্তী বাটনে ক্লিক করুন।




চিত্রঃ পণ্য এবং সাফল্য বিবরণ

১.৫.৭ সম্মতি তথ্য


- পরবর্তী ধাপ হল সম্মতি তথ্য। এই ধাপে সম্মতির প্রয়োজনীয় তথ্য ও ডকুমেন্ট আপলোড করতে হবে। একাধিক তথ্য যোগ করতে চাইলে "যুক্ত করুন বাটনে ক্লিক করে নতুন ফিল্ড যোগ করতে পারবেন। নতুন ফিল্ড যোগ করার সাথে সাথে তা নিচের তালিকায় চলে আসবে। "এডিট" বাটনে ক্লিক করে তথ্য পরিবর্তন করতে পারবেন এবং ডিলিট বাটনে ক্লিক করে ব্যাংকের তথ্য তালিকা থেকে বাদ দিতে পারবেন। পরবর্তী ধাপে যেতে “খসড়া এবং পরবর্তী”বাটনে ক্লিক করুন।



চিত্রঃ সম্মতি তথ্য

### ১.৫.৮ সংযুক্তি

- সর্বশেষ ধাপ হল সংযুক্তি। এই ধাপে সকল প্রয়োজনীয় সংযুক্তি আপলোড করতে হবে। সকল সংযুক্তি আপলোড করা হয়ে গেলে " চূড়ান্ত সংরক্ষণ" বাটনে ক্লিক করে আপনার আবেদনটি সম্পন্ন করুন।




চিত্রঃ সংযুক্তি